# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-02-2025 Time: 7-50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সামাজিক ক্ষেত্রকে অবহেলা না করেই রাজ্যের পরিকাঠামো ও মানবসম্পদ উন্নয়নকে সামনে রেখে এবারের রাজ্য বাজেট তৈরি করা হয়েছে বলে অর্থ দফতরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। তিনি আজ বিধানসভায় দু-দিনের বাজেট বিতর্কের শেষে জবাবী ভাষণ দিচ্ছিলেন।

২) বিজেপি বিধায়ক হীরণময় চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে বিধানসভায় স্বাধিকার ভঙ্গের অভিযোগ আনা হয়েছে। ২৪-শে ফেব্রুয়ারীর মধ্যে তাঁকে এর লিখিত জবাব দিতে বলা হয়েছে।

৩) বিজেপি পরিষদীয় দল বিধানসভার রেকর্ড থেকে মুখ্যমন্ত্রীর মৃত্যু কুম্ভ শব্দটি বাদ দেওয়ার আবেদন জানিয়ে রাজ্যপালকে স্মরকলিপি দিয়েছে।

এদিকে, রাজ্যপাল সিভি আনন্দ বোস মহাকুম্ভ মেলাকে মুক্তির মেলা হিসেবে অভিহিত করেছেন।

৪) কলকাতা হাইকোর্ট, ঘাটাল মাস্টার প্ল্যানের রিপোর্ট জমা দেওয়ার জন্য রাজ্য সরকারকে আরও ২ সপ্তাহ সময় দিয়েছে।

৫) রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নে বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নিউটাউনে একটি বেসরকারী হাসপাতালের শিলান্যাস করে জানিয়েছেন।

৬) জোড়া ঘূর্ণাবর্ত এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আজ অকাল বর্ষণে আলু সহ বিভিন্ন ফসলের ক্ষয়-ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

*OOOOOOOOOOOOOOOOOOOOOOOO*

সামাজিক ক্ষেত্রকে অবহেলা না করেই রাজ্যের পরিকাঠামো ও মানবসম্পদ উন্নয়নকে সামনে রেখে এবারের রাজ্য বাজেট তৈরি করা হয়েছে বলে অর্থ দফতরের প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। বিধানসভায় আজ দুদিনের বাজেট বিতর্কের শেষে জবাবি ভাষণে তিনি দাবি করেন এবারের রাজ্য বাজেটের অভিমুখ দৃষ্টান্ত সৃষ্টিকারী। কেন্দ্রীয় সরকারের লাগাতার বঞ্চনার সত্ত্বেও বাজেটে সাধারণ মানুষের জীবনকে সুগম করার পথ নির্দেশিকা দেওয়া হয়েছে। সেই কারণে একদিকে যেমন রাজ্য বাজেটে মূলধনী খাতে ব্যয় পূর্বতন বাম আমলের তুলনায় এবার প্রায় সাড়ে চারশ গুণ বেড়ে ৬৬ দশমিক ৬৫ কোটি টাকা হচ্ছে। তেমনি সামাজিক প্রকল্প খাতে বরাদ্দ ২০১১ সাল থেকে ১৪ গুণেরও বেশি বাড়ানো হয়েছে। নারীদের সুরক্ষা ও সামাজিক উন্নয়নেও বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে বলে তিনি জানান। রাজ্যে দুকোটি ২১ লক্ষের বেশি মানুষ লক্ষীর ভান্ডারে সুবিধা পাচ্ছেন। স্বাস্থ্য সাথী কন্যাশ্রী ঐক্য শ্রী সহ বিভিন্ন সামাজিক প্রকল্প সাফল্যের সঙ্গে চালিয়ে যাওয়া হচ্ছে। রাজ্য বাজেট নিয়ে বিরোধীদের সমালোচনা খণ্ডন করে তিনি বলেন যারা রাজ্য সরকারের প্রকল্পের সমালোচনা করছেন তারাও এইসব প্রকল্পের সুবিধা নিতে ছাড়ছেন না। রাজ্য সরকার পতাকার রং দেখে কোনও সুবিধা দেয় না।

একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট - অভিরূপ)

এর আগে বাজেট বিতর্কে অংশ নিয়ে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ, স্বাস্থ্য, শিক্ষা সহ বিভিন্ন ক্ষেত্রে রাজ্য সরকারের বিরুদ্ধে ব্যর্থতার অভিযোগ তোলেন। আলোচনা শেষে বিধানসভায় বাজেট প্রস্তাব গৃহীত হয়।

ooooooooooooooooooooooooo

বিজেপি বিধায়ক হিরন্ময় চট্টোপাধ্যায়, অভিনেতা হিরনের বিরুদ্ধে বিধানসভায় স্বাধীকার ভঙ্গের অভিযোগে আনা হয়েছে। মুখ্যমন্ত্রী ও রাজ্য সরকারের বিরুদ্ধে ভুল ও

অবমাননাকর তথ্য বিধানসভায় পেশ করার জন্য খড়গপুর এর বিধায়কের বিরুদ্ধে স্বাধীকার ভঙ্গের নোটিশ আনেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য। অধিবেশনের দ্বিতীয়ার্ধে নোটিশ গ্রহণ করা হয়।

হিরন্ময় চট্টোপাধ্যায়কে তার স্বপক্ষে নথি জমা দিতে বলা হয়েছে। উল্লেখ্য, গতকাল বাজেট বিতর্কে অংশ নিয়ে, হিরণ রাজ্য সরকারের বিরুদ্ধে অর্থের বিনিময়ে এক বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার দেওয়া পুরষ্কার কেনার অভিযোগ করেন। হিরনের এই বক্তব্যের বিরুদ্ধে প্রিভিলেজ নোটিশ আনা হয়। এর আগে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ তিন বিজেপি বিধায়কের বিরুদ্ধে স্বাধীকার ভঙ্গের নোটিশ আনা হয়।

oooooooooooooooooooooo

অন্যদিকে বিধায়ক হিরণময় চট্টোপাধ্যায় জানিয়েছেন, ২৪ শে ফেব্রুয়ারির মধ্যে তাকে লিখিতভাবে যে জবাব দিতে বলা হয়েছে তিনি তা জবাব দিয়ে দেবেন। পাশাপাশি স্বাধিকার ভঙ্গের অভিযোগ প্রসঙ্গে শ্রী চট্টোপাধ্যায় বলেন, চন্দ্রিমা ভট্টাচার্য তার সম্পর্কে যেসব শব্দ ব্যবহার করেছেন, তাতে তাঁর বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের অভিযোগ আনা উচিত।

oooooooooooooooooooooo

বিজেপি পরিষদীয় দল আজ রাজ্যপাল সি ভি আনন্দ বোসের কাছে স্মারকলিপি জমা দিয়েছেন। এতে বিরোধী দলনেতা সহ চার বিধায়ককে সাসপেন্ড করার বিষয়ে অভিযোগ জানানো হয়েছে। পাশাপাশি বিধানসভার রেকর্ড থেকে মুখ্যমন্ত্রীর মৃত্যু কুম্ভ শব্দটি বাদ দেওয়ার জন্যও অধ্যক্ষকে নির্দেশ দিতে রাজ্যপালের কাছে আবেদন জানানো হয়েছে ওই স্মারকলিপিতে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মুখ্যমন্ত্রীর ওই মন্তব্যের সমালোচনা করে সাংবাদিকদের বলেন

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, রাজ্যপাল সিভি আনন্দ বোস উত্তরপ্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ মেলাকে মুক্তির মেলা হিসেবে অভিহিত করেছেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্প্রতি রাজ্য বিধানসভায় এই মেলাকে মৃত্যু মেলা বলে যে দাবি করেছিলেন, তার প্রেক্ষিতে রাজ্যপাল আজ তার প্রতিক্রিয়া ব্যক্ত করেন। কুম্ভ মেলাকে তিনি ভারতের মহান ঐতিহ্য বলেও উল্লেখ করেছেন সি ভি আনন্দ বোস।

(বাইট – রাজ্যপাল)

বিজেপি-র রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারও অভিযোগ করেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ভোট ব্যাংকের জন্য তুষ্টিকরণের রাজনীতি করতে চাইছেন, তাই তিনি কুম্ভমেলার সমালোচনা করছেন। আজ সকালে দিল্লি রওনা হওয়ার আগে বিমানবন্দরে সাংবাদিকদের তিনি বলেন, তৃণমূল কংগ্রেস যতদিন রাজ্যে শাসক দল হিসেবে থাকবে, বাঙালীর বিপদ আরো বাড়বে।

(বাইট – সুকান্ত)

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার অভিযোগ করেছেন, উত্তরপ্রদেশ সরকারের চরম অব্যবস্থার কারণেই মহাকুম্ভ স্নানে গিয়ে দুর্ঘটনায় এতো জন পুন্যার্থীর প্রাণ গেল। প্রদেশ কংগ্রেস কার্যালয়ে আগ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, দুর্ঘটনায় মৃতদের ডেথ সার্টিফিকেট পাওয়া নিয়েও আত্মীয় পরিজনদের তুমুল ভোগান্তি হয়েছে। এতো মানুষের মৃত্যুর দায় কে নেবে, সেই প্রশ্নও তোলেন তিনি।

(বাইট – শুভঙ্কর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘাটাল মাস্টার প্ল্যান নিয়ে রিপোর্ট জমা দেওয়ার জন্য রাজ্য সরকারকে আরও ২ সপ্তাহ সময় দিয়েছে কলকাতা হাইকোর্ট। দীর্ঘ আড়াই মাস সময় দেওয়া হলেও রাজ্য

সরকার এসংক্রান্ত রিপোর্ট দিতে কেন ব্যর্থ হলো, সেই প্রশ্ন তুলেছেন প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। আজ ঘাটাল মাস্টার প্ল্যানের বাস্তবায়ন চেয়ে দায়ের হওয়া জনস্বার্থ মামলার শুনানি ছিল। এর আগে গত দোশরা জানুয়ারী রাজ্য সরকার একটি রিপোর্ট জমা দিলেও প্রধান বিচারপতি সেটি দেখে অসন্তোষ প্রকাশ করেন। আগামী বর্ষার আগে এব্যাপারে রাজ্য সরকারকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণের জন্যও বলেছিলেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি আজ নিউটাউনে বেসরকারি একটি সংস্থার উদ্যোগে এক হাজার ১০০ শয্যার  একটি সুপার স্পেশালিটি হাসপাতালের শিলান্যাস করে বলেন গত কয়েক বছরে রাজ্য সরকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ নেওয়ায় স্বাস্থ্য পরিষেবা আরও উন্নত হয়েছে। স্বাস্থ্য সাথী কার্ড প্রসঙ্গে মমতা বলেন

(বাইট    - মুখ্যমন্ত্রী)

এ ছাড়া গ্রামীণ স্বাস্থ্যের উন্নয়নে আগামী বছর রাজ্যে আরও বারো হাজার সুস্বাস্থ্য কেন্দ্র গড়ে তোলা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

উল্লেখ্য, রাজ্য সরকারের দেওয়া সাত দশমিক দুই ছয় একর জমির উপরে এই হাসপাতালটি তৈরির জন্য সংস্থা দেড় হাজার কোটি টাকা বিনিয়োগ করবে। প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে এখানে দশ হাজার মানুষের কর্মসংস্থান হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার রাজ্যে আলুর বাম্পার ফলনের প্রেক্ষিতে ছোট ও প্রান্তিক চাষিদের স্বার্থ রক্ষায় রাজ্য সরকার আগাম ব্যবস্থা নিচ্ছে। হিমঘরগুলিতে ৩০ শতাংশ জায়গা তাঁদের জন্য বরাদ্দ রাখতে হবে বলে কৃষি বিপণন দফতরের তরফে জানানো হয়েছে। আগামী বিশে মার্চ পর্যন্ত ওই ব্যবস্থা বলবৎ থাকবে। রাজ্যে এবার ১ কোটি ৩০ লক্ষ থেকে ১

কোটি ৪০ লক্ষ টন আলু উৎপাদন হতে পারে বলে কৃষি বিপণন দফতর সূত্রে জানা গেছে। হিমঘরে আলু রাখার জায়গা পেতে সমস্যা হতে পারে বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooo

জোড়া ঘূর্ণাবর্ত এবং বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় অকাল বর্ষণে আলু সহ বিভিন্ন ফসলের ক্ষয়-ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। আলিপুর আবহাওয়া দফতর আগামী রবিবার ২৩-শে ফেব্রুয়ারী পর্যন্ত পশ্চিম ও দক্ষিণের জেলাগুলিতে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে।

পূর্ব ও পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, হুগলী ও হাওড়া জেলায় বৃষ্টির পরিমাণ বেশি হবে। সেই সঙ্গে ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে।

উত্তরবঙ্গে উত্তর দিনাজপুর ও মালদায় হাল্কা বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে। দুই মেদিনীপুর ও দক্ষিণ ২৪ পরগনার কিছু অংশে আগামীকাল হাল্কা থেকে মাঝারি বৃষ্টির হলুদ সতর্কতা জাকি করেছে। বইবে ঝোড়ো হাওয়াও।

আজ সকাল থেকেই শহর ও শহরতলির আকাশ ছিল আংশিক মেঘলা। বেলা ১১-টার পর কলকাতায় শুরু হয় তুমুল বৃষ্টি। দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলী সহ বিভিন্ন জেলা থেকেও ভারী বৃষ্টির খবর মিলেছে।

অসময়ের এই বৃষ্টিতে গরমের হাত থেকেও কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ ডিগ্রী নীচে। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪৭ দশমিক সাত মিলিমিটার।

এদিকে, পুরুলিয়ার মানবাজারে আকরো গ্রামে ইটভাটায় কাজ করতে যাওয়ার পথে বাজ পড়ে এক মহিলার মৃত্যু হয়েছে। আহত আরও অন্তত ৪ জন। জনা পাঁচেক শ্রমিক ইটভাটায় কাজ করছিলেন, সেই সময় বাজ পড়লে জবা মুদি নামে ওই মহিলার

ঘঠনাস্থলেই মৃত্যু হয়। বজ্রাহত বাকি চারজনের চিকিৎসা চলেছে বান্দোয়ান প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ।

পূর্ব বর্ধমানের বিভিন্ন জায়গায় আজ বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি এবং বেশকিছু জায়গায় শিলাবৃষ্টির দরুণ শস্য গোলার কৃষকদের মাথায় হাত পড়েছে। আলু,সরষে, গম ও পেয়াজ চাষে ব্যাপক ক্ষতির আশঙ্কা করছেন তাঁরা। জামালপুর রায়না, গলসী, খন্ডঘোষ ,আউশগ্রাম, ভাতার সহ বিস্তীর্ণ এলাকার আলুজমিতে জল জমে যাওয়ায় ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করছেন কৃষকরা। অকাল বর্ষণ, বিশেষ করে শিলা বৃষ্টিতে আলু পচে যাওয়ার সম্ভবনা রয়েছে। জমি থেকে আলু তোলার সময় এই ক্ষয়ক্ষতির জেরে চাষের জন্য নেওয়া ঋণ কিভাবে শোধ করবেন তা নিয়েও কৃষকরা দুশ্চিন্তায় পড়েছেন।

বাঁকুড়ার বড়জোড়া, সোনামুখীর মানাচর সহ কোতোলপুর ও ইন্দাস ব্লকের বিস্তীর্ণ এলাকায় আলু চাষিরা ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

বিভিন্ন জেলায় দুর্যোগের মধ্যে পরীক্ষা কেন্দ্রে যেতে অসুবিধার সম্মুখীন হয় পরীক্ষার্থীরা।

oooooooooooooooooo

রাজ্যে আজ চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার মূল বিষয়গুলির শেষ দিনে প্রবল প্রাকৃতিক দূর্যোগে কিছু জায়গায় পরীক্ষার্থীরা সমস্যায় পড়েন । বৃষ্টিতে ভিজে কেন্দ্রে দেরি করে পৌঁছান ও পরীক্ষা হলে বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যাওয়ায় সমস্যার মুখোমুখি হন। আজ ভৌত বিজ্ঞান পরীক্ষার দিনে হাওড়া, হুগলী, দুই চব্বিশ পরগনা, নদীয়ার কিছু কেন্দ্রে সাময়িক ভাবে পরীক্ষা ব্যাহত হয়। মোমবাতি জ্বালিয়ে পরীক্ষার ব্যবস্থা করা হয়। এই পরিস্থিতিতে মধ্যশিক্ষা পর্ষদের নির্দেশে পাঁচ জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার জন্যে কুড়ি থেকে তিরিশ মিনিট পর্যন্ত অতিরিক্ত সময় বরাদ্দ করা হয়। এইদিকে চলতি বছরে পরীক্ষা হলে ১৭ জনের কাছ থেকে মোবাইল ফোন উদ্ধার হওয়ায় তাদের পরীক্ষা বাতিল করা হয়েছে বলে পর্ষদ সূত্রে জানা গিয়েছে।

ooooooooooooooooooo

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে মহামেডান স্পোর্টিং আইএসএল ফুটবলে জামশেদপুর এফসির মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে জামশেদপুর এফ সি ১-০ গোলে এগিয়ে আছে।

দুই দলই ২০ টি করে ম্যাচ খেলেছে। জামশেদপুর ৩৪ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় তৃতীয় স্থানে, মহামেডান ১১ পয়েন্ট নিয়ে ১৩ দলের লিগে সব শেষে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০